গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৬.১৯-৮৯

তারিখ: ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ।
২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: শরীয়তপুর জেলার ডামুড্যা পৌরসভার নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক মৃত্যুবরণ করায় তাঁর পরিবার-কে আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থ প্রদান সংক্রান্ত।

সূত্র: মেয়র, ডামুড্যা পৌরসভা, শরীয়তপুর হতে প্রাপ্ত পত্র নং-২৯১,তারিখ-২৬/১১/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পৌরসভার ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের আনুতোষিক ও লাম্পগ্র্যান্ট মঞ্জুরী নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে পৌরসভার মেয়রগণ ক্ষমতাবান।

০২। পৌরসভা কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ (সংশোধিত, ২০০১) বিধি ১৮ এর বিধান নিম্নরুপ:

"১৮। আনুতোষিক।--(১) কোন কর্মচারীর আনুতোষিক প্রদান সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী প্রযোজ্য হইবে।

ব্যাখ্যা : একজন সরকারী কর্মচারীর অবসর গ্রহণকালে তার গ্রস পেনশনের শতকরা ৫০ ভাগ সমর্পণ করিয়া এককালীন আনুতোষিক প্রাপ্য হন। এই বিধি দ্বারা কেবলমাত্র উল্লিখিতরুপে নির্ধারিত আনুতোষিক বুঝানো হইয়াছে।

০৩। এমতাবস্থায়, ডামুড্যা পৌরসভার মৃত-নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক মৃত্যুবরণকৃত বেগম রিনা রানী বল্লিক এর আনুতোষিক ও ভবিষ্য তহবিলসহ প্রাপ্য সকল পাওনাদি বিধি মোতাবেক তার পরিবারকে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬.০১.২০২০
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র, ডামুড্যা পৌরসভা
শরীয়তপুর।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৩। অফিস কপি।